

AME(107)
30/05/2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৪১.৩০.০০৫.১০-১৩০

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০
৩০ মে ২০২৩

নিলাম কোটেশন বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিম্নোক্ত অব্যবহৃত/পুরাতন মালামালসমূহ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের নিমিত্ত অগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে:

ক্রম	মালামালের বিবরণ	পরিমাণ
০১.	সোফা (২ সিট)	০১টি
০২.	ভিজিটর চেয়ার	০৪টি
০৩.	স্টীলের আলমিরা	০২টি
০৪.	অফিস টেবিল (বোর্ডের)	০২টি
০৫.	স্টীলের রয়াক (ছোট)	০১টি
০৬.	স্টীলের কেবিনেট	০১টি
০৭.	পুরাতন বার্ষিক প্রতিবেদন, বুকলেট, ব্রশিয়ার	৫০কেজি
০৮.	পুরাতন পত্রিকা	৩০কেজি

শর্তাবলী:

- আগামী ০৪-০৬-২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত কোটেশন নিম্নস্বাক্ষরকারীর কক্ষে (কক্ষ নং-৮২২/বি, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) জমা দেয়া যাবে এবং ঐদিন সকাল ১১.৩০ ঘটিকায় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে;
- সকল মালামালের জন্য দর দাখিল করতে হবে। অন্যথায় কোটেশন গ্রহণযোগ্য হবে না;
- নির্বাচিত দরদাতাকে মালামালের উদ্ধৃত মূল্য, উদ্ধৃত মূল্যের ৫% উৎসে কর এবং ৭.৫% ভ্যাট এর টাকা আলাদাভাবে এ বিভাগ কর্তৃক প্রদানকৃত নির্ধারিত কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে চালানোর মূলকপি এ অফিসে জমা দেয়ার পর চালান যাচাই সাপেক্ষে মালামাল সরবরাহের আদেশ জারী করা হবে। সরকার নির্ধারিত আয়কর ও ভ্যাট বর্ধিত/হ্রাস হলে সে মোতাবেক পরিশোধ করতে হবে;
- সরবরাহ আদেশ জারীর তারিখ হতে ৩(তিন) দিনের মধ্যে মালামাল সরবরাহ নিতে হবে;
- কোটেশনে টাকার অংশে কাটাকাটি/ঘষামাজা/ওভাররাইটিং এবং অসম্পূর্ণ, ছেঁড়া ও শর্তাদি পূরণে ব্যর্থ কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়;
- মালামালসমূহ সরেজমিনে পরিদর্শন করা যাবে। পরিদর্শনের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৮১৮ নম্বর কক্ষে (ভবন নং-০৭) যোগাযোগ করতে হবে (ফোনঃ ২২৩৩৫৪০৪৪);
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল কোটেশন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩০-০৫-২০২৩
(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫১৩৩৩৪

বিতরণ:

- সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- বাংলাদেশ সচিবালয়ের ১ ও ২নং গেইট এর নোটিশ বোর্ড।